চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১১ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

সিটি মেয়রের সাথে চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের নব নির্বাচিত কমিটির সৌজন্য সাক্ষাত জনগণের সহযোগিতা ছাড়া শতভাগ সেবা নিশ্চিত করা সম্ভব নয়-- মেয়র

গত ৩১ জানুয়ারি ২০১৮ খ্রি. অনুষ্ঠিত চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়ন নির্বাচনে নির্বাচিত কার্যনির্বাহী কমিটির নেতৃবৃন্দ ১১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. রবিবার, সন্ধ্যায় নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে সৌজন্য সাক্ষাত ও মতবিনিময় করেন। মতবিনিময়ে তারা দায়িত্ব পালনকালিন সময়ে মেয়রের সহযোগিতা কামনা করেন। এ সময় মেয়র বলেন, চট্টগ্রামে বসবাসরত সাংবাদিক সহ সর্বস্তরের নাগরিকদের জন্য চট্টগ্রামকে বাসপোযোগী নান্দনিক একটি নগরী হিসেবে গড়ে তোলার প্রয়াস চলছে। তিনি জনকল্যাণ মুখী ও সেবাধর্মী সকল কার্যক্রমের সুফল জনগণের নিকট পৌছে দেয়ার জন্য গণমাধ্যমের সহযোগিতা কামনা করেন। মেয়র বলেন, উন্নয়ন, পরিকল্পনা ও বাস্তবায়িত কার্যক্রম সমূহ গণমাধ্যমে প্রকাশিত হলে নগরবাসীর ট্যাক্সের টাকা ব্যয়ের একটি সার্বিক চিত্র সম্পর্কে অবহিত হওয়ার সুযোগ পাবে। এর ফলে করদাতাদের মনে শান্তি ও স্বস্থি আসবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন সেবাধর্মী একটি প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের মাধ্যমে নগরবাসীর উন্নয়ন, আলোকায়ন ও পরিবেশ উন্নয়ন সহ শিক্ষা এবং স্বাস্থ্যসেবা নিশ্চিত করা হয়। জনগণের সহযোগিতা ছাড়া শতভাগ সেবা নিশ্চিত করা সম্ভব নয়। এ ক্ষেত্রে নাগরিক সচেতনতা সৃষ্টি করা গণমাধ্যমের ভূমিকা অপরিহার্য। তিনি আশা করেন, নব নির্বাচিত কার্যনির্বাহী কমিটি সাংবাদিকদের রুটিরুজি, বেতন-ভাতা, চাকুরীর নিরাপত্তা ও তাদের জীবন মানের উন্নয়ন নিশ্চিত করতে সক্ষম হবে। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব মো. আবুল হোসেন, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের নব নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সভাপতি নাজিম উদ্দিন শ্যামল, সাধারণ সম্পাদক হাসান ফেরদৌস, সিনিয়র সহ-সভাপতি মাঈন উদ্দিন দুলাল, সহ সভাপতি মোহাম্মদ আলী, যুগ্ম সাধারণ সম্পাদক সবুর শুভ, অর্থ সম্পাদক কাসেম শাহ, সাংগঠনিক সম্পাদক এস এম ইফতেখারুল ইসলাম, প্রচার ও প্রকাশনা সম্পাদক আহমেদ খুতুব, নির্বাহী সদস্য উত্তম সেনগুপ্ত ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১১ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

চট্টগ্রাম মহানগরীর জলাবদ্ধতা প্রশমনে বিন্না ঘাসের ভূমিকা শীর্ষক সেমিনার কাল

চট্টগ্রাম মহানগরীর জলাবদ্ধতা প্রশমনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ইনস্টিটিউট অব বাংলাদেশ চট্টগ্রাম কেন্দ্রের উদ্যোগে আগামীকাল ১২ ফেব্রæয়ারি ২০১৮ খ্রি. সোমবার, সন্ধ্যা ৬ টায় নগরীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে (আইইবি চট্টগ্রাম কেন্দ্রের সেমিনার কক্ষ-৬ষ্ঠ তলা) বিন্না ঘাসের ভূমিকা শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের অধ্যাপক মোহাম্মদ শরিফুল ইসলাম। এতে সভাপতিত্ব করবেন আইইবি চট্টগ্রাম কেন্দ্রের চেয়ারম্যান প্রকৌশলী সাদেক মোহাম্মদ চৌধুরী। সেমিনারে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

চট্টগ্রাম- ১১ ফেব্রæয়ারি ২০১৮খ্রি.

ঘরে ঘরে প্রতিরোধ দূর্গ গড়ে তোলে সন্ত্রাস,
জঙ্গীবাদ ও মাদক মুক্ত করতে হবে-- মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবু রহমানের আহŸানের মত ঘরে ঘরে প্রতিরোধ দূর্গ গড়ে তোলে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক মুক্ত করতে হবে। এ লক্ষ্যে পিতা-মাতা, আত্মীয়-স্বজন, শিক্ষক, পুরোহিত, ইমাম, খতিব সকলকে দায়িত্ব নিতে হবে। রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীন স্বার্বভৌম বাংলাদেশকে জঙ্গী রাষ্ট্রে পরিণত কোন দুরভিসন্ধি বাস্তবায়ন করতে দেয়া হবে না। মেয়র বলেন, যেকোন মূল্যে চট্টগ্রাম নগরীকে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক থেকে মুক্ত করতে নির্বাচিত প্রতিনিধি সকলকে দায়িত্ব নিতে হবে। এ লক্ষে প্রতিটি ওয়ার্ডে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক মুক্ত কমিটি গঠন করা হয়েছে। গত ১০ ফেব্রæয়ারি ২০১৮ খ্রি. শনিবার, বিকেলে মোহরা ৫নং ওয়ার্ড কার্যালয়স্থ অডিটরিয়ামে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ওয়ার্ড ভিত্তিক আয়োজিত সর্বস্তরের নাগরিকদের সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে সভাপতিত্ব করেন ৫নং মোহরা ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ আজম। এতে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, প্যানেল মেয়র জোবাইরা নার্গিস খান, আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর এইচ এম সোহেল, ৩নং ওয়ার্ড কাউন্সিলর কফিল উদ্দিন খান, যুগ্ম জেলা জজ মিসেস জাহানারা ফেরদৌস, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আক্তার, অতিরিক্ত উপ পুলিশ কমিশনার মো. মিজানুর রহমান। সমাবেশে চান্দগাঁও থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা আবুল বাশার, ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন, সমাজ সেবক কামাল উদ্দিন আহমদ, অলিদ চৌধুরী, নজিরিয়া মাহম্মদিয়ার ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ হাফেজ মহিউল হক, ছাফা মোতালেব কলেজের অধ্যক্ষ মো. শফিউল করিম ও মুসলিম তরুণ সংঘের সভাপতি ইদ্রিস মিয়া বক্তব্য রাখেন। সমাবেশে মেয়র অতিথিদের ফুলেল শুভেচ্ছায় বরণ করেন।

চট্টগ্রাম- ১১ ফেব্রæয়ারি ২০১৮খ্রি.

৮নং শুলকবহর ওয়ার্ডে আলফালাহ হাউজিং সোসাইটিতে ৩ কোটি ৪৩ লক্ষ ৬৬ হাজার টাকা ব্যয়ে নির্মিত সড়ক ও নালা নির্মাণ কাজের উদ্বোধনী অনুষ্ঠানে- মেয়র

নানা প্রতিবন্ধকতা সত্তে¡ও নাগরিকদের ট্যাক্সের সহযোগিতায় নাগরিক সেবা নাগরিকদের ঘরে ঘরে পৌছে দেয়া হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, তার মেয়াদের মধ্যে চট্টগ্রামকে উন্নত ও আধুনিক বাসপোযোগী নগরী হিসাবে গড়ে তোলা হবে। নানা প্রতিবন্ধকতা সত্তে¡ও নাগরিকদের ট্যাক্সের সহযোগিতায় নাগরিক সেবা নাগরিকদের ঘরে ঘরে পৌছে দেয়া হবে। ইতিমধ্যে দৃশ্যমান উন্নয়ন নাগরিকদের সামনে তুলে ধরা হয়েছে। মেয়র বলেন, কথা মালার রাজনীতিতে তিনি বিশ্বাসী নন। বাস্তবতার নিরিখে কাংখিত উন্নয়ন করে নগরবাসীকে দেয়া প্রতিশ্রæতি একে একে পুরন করা হবে। তিনি সরকারের উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সকল মহলের সহযোগিতা চান। গত ১০ ফেব্রæয়ারি ২০১৮ খ্রি. এডিপির অর্থায়নে ৩ কোটি ৪৩ লক্ষ ৬৬ হাজার টাকা ব্যয়ে নগরীর ৮নং শুলকবহর ওয়ার্ডে আলফালাহ হাউজিং সোসাইটিতে নির্মিত হাজী নূর আহম্মদ সড়কের উন্নয়ন কাজের ফলক উন্মোচন উপলক্ষে অত্র হাউজিং সোসাইটি আয়োজিত সুধী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। তিনি উন্নয়ন কাজের ফলক উন্মোচন করে মুনাজাত করেন। সুধী সমাবেশে সভাপতিত্ব করেন আলফালাহ হাউজিং সোসাইটির সভাপতি এস এম একরামুল আজিম সুইম। এতে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, ৮নং ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ মোরশেদুল আলম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস জেসমিন পারভীন জেসী, নির্বাহী প্রকৌশলী আহমদুল হক, সহকারী প্রকৌশলী আবু সিদ্দিকী, উপ সহকারী প্রকৌশলী মহিউদ্দিন খন্দকার, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, ৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আতিকুর রহমান, সাধারণ সম্পাদক শেখ সরওয়ার্দী, সমাজ সেবক আলহাজ্ব সৈয়দ আহমদ, মাওলানা শফিউল্লাহসহ অন্যরা।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা